শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং ঃ ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৫- ৮৬          ৩০.০১.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ লামা ইসলামিয়া ফাযিল মাদরাসায় গত ৩০.১২.২০১৬ খ্রিঃ তারিখে ০৪ (চার) জন নিয়োগ প্রাপ্ত শিক্ষক/কর্মচারী{প্রভাষক আরবি, বি,এস,সি (গণিত),ইবতেদায়ী প্রধান ও অফিস সহকারী}কে এমপিওভুক্ত না করার নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র (১) বাংলাদেশ মানবাধিকার কমিশন, লামা উপজেলা শাখা এর স্মারক নং-বামাক/লামা      তারিখ:১৪.০১.২০১৭ খ্রিঃ।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা-১৩/বিবিধ-১/চাকুরী বিধিমালা//২০১২/০৬      তারিখ:০৮.০১.২০১৩ খ্রিঃ।
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা-২৪/বিবিধ-২-৮(অংশ)/১৭৪      তারিখ:০৯.০৯.২০১৫ খ্রিঃ।
(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫ (অংশ)১৬.-৯৪২      তারিখ:১১.১২.২০১৫খ্রিঃ।
(৫) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৫-৮৮৬      তারিখ:২৭.১১.২০১৭ খ্রিঃ।

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ১ নং স্মারকমূলে বাংলাদেশ মানবাধিকার কমিশন ,লামা উপজেলা শাখা কর্তৃক একখানা অভিযোগ আবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. বাংলাদেশ মানবাধিকার কমিশন ,লামা উপজেলা শাখা কর্তৃক অভিযোগ আবেদনে উল্লিখিত হয়েছে যে,

(ক) লামা ইসলামিয়া ফাযিল মাদরাসায় গত ৩০.১২.২০১৬ খ্রি: তারিখে বিষয়ে বর্ণিত বিষয়সমূহে নিয়োগ নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং একই দিনে গভর্নিং বডির সভা অনুষ্ঠানপূর্বক একই দিনে নিয়োগ বোর্ডের সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ পত্র প্রদান ও যোগদান করানো হয় ।

(খ) বর্ণিত মাদরাসার উল্লিখিত (শূণ্য) পদসমূহের বিপরীতে চাকুরীর জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় যোগ্যতা থাকা সত্বেও যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের নিয়োগ পরীক্ষার কার্ড ইস্যু করা হয়নি।

(গ) কাগজে-কলমে অনেক আবেদনকারীর নামে কার্ড ইস্যু দেখানো হলেও তাদের নিকট নিয়োগ পরীক্ষার কার্ড প্রেরণ করা হয়নি।

(ঘ) জনাব ফয়সাল আলম ও জনাব মো: জাফর আলম বিগত ১০.১০.২০১৪ খ্রি: তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত সময়কালে অবেদন না করলেও back date- এ আবেদন দেখিয়ে তাদেরকে যথাক্রমে বি,এস,সি (গণিত) ও ইবতেদায়ী প্রধান পদদ্বয়ে নিয়োগ প্রদান করা হয়েছে।

(ঙ) ২০১৪ খ্রি: সালে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে ৩০.১২.২০১৬ খ্রি: তারিখে নিয়োগ নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হয় ।

০৩. মাদরাসার কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, উক্ত নিয়োগ কার্যক্রম ডিজি, মদিরাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি ব্যতিরেকেই সম্পন্ন করা হয়েছে যা শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত মাদরাসা শিক্ষা অধিদপ্তরের কর্ম পরিধির ৫ নং ক্রমিকের নির্দেশনা অমান্যের শামিল।

০৪. মানবাধিকার কমিশন ,লামা উপজেলা শাখা কর্তৃক এ অধিদপ্তরে দাখিলকৃত উপরিউক্ত অভিযোগের বিষয়গুলো পর্যালোচনায় দেখা যায়-

(ক) একই তারিখে নিয়োগ নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হওয়া, একই দিনে গভর্নিং বডির সভা অনুষ্ঠানপূর্বক একই দিনে নিয়োগ বোর্ডের সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ পত্র প্রদান ও যোগদান প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। অর্থাৎ এ সকল কার্যক্রম অস্বাভাবিক দ্রুত গতিতে অর্থৎ এক দিনে সম্পন্ন হয়েছে। ফলে এ সকল কার্যক্রম অসৎ উদ্দেশ্যে করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়। অধিকন্তু উক্ত কার্যক্রমে অসচ্ছতার আভাস স্পষ্ট হয়।

(খ) মানবাধিকার কমিশন ,লামা উপজেলা শাখা কর্তৃক এ অধিদপ্তরে দাখিলকৃত অভিযোগ মতে বর্নিত বিষয়সমূহে চাকুরীর জন্য আবেদনকারীদের বিধি মোতাবেক প্রয়োজনীয় যোগ্যতা থাকা সত্বেও যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের নিয়োগ পরীক্ষার কার্ড ইস্যু না করা হয়নি। ফলে এ নিয়োগ পক্ষপাতিত্বমূলক হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

(গ) জনাব ফয়সাল আলম ও জনাব মো: জাফর আলম বিগত ১০.১০.২০১৪ খ্রি: তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত সময়কালে অবেদন না করলেও back date- এ আবেদন দেখিয়ে তাদেরকে যথাক্রমে বি,এস,সি (গণিত) ও ইবতেদায়ী প্রধান পদদ্বয়ে নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে মানবাধিকার কমিশন ,লামা উপজেলা শাখা কর্তৃক অভিযোগ রয়েছে।

(ঘ) এ নিয়োগ ৩০.১২.২০১৬ তারিখে অনুষ্ঠিত হয় এবং এ নিয়োগে ডিজি,মাদরাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি ব্যতিরেকে নিয়োগ প্রদান করা হয়েছে বিধায় সুত্রোস্থ ৩ নং স্মারকের এর ৫ নং ক্রমিকের (শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরের জন্য নির্ধারিত কর্মপরিধির ৫ নং ক্রমিকে বেসরকারি মাদরাসাসমূহে নিয়োগে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির বিষয় উল্লিখিত হয়েছে) নির্দেশনা লংঘন হওয়ায় এ নিয়োগ বিধি সম্মত হয়নি মর্মে প্রতীয়মান হয়।

(ঙ) সুত্রোস্থ ২ নং স্মারকের ৬ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা ভঙ্গ করে অর্থাৎ ২০১৪ সালে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ২০১৬ সালে নিয়োগ সম্পন্ন করা হযেছে।

**০৫. উল্লেখ্য যে, বর্ণিত মাদরাসার উক্ত নিয়োগ বিষয়ে ৩ নং ক্রমিকে উল্লিখিত অনিয়ম over look করা গেলেও ২ নং ক্রমিকে উল্লিখিত অনিয়ম উপেক্ষা করার কোন সুযোগ নেই।**

০৬. এমতাবস্থায় উপরিউক্ত অনিয়মগুলোর গুরুত্ব বিবেচনায় লামা ইসলামিয়া ফাযিল মাদরাসায় গত ৩০.১২.২০১৬ খ্রি: তারিখে বিষয়ে বর্ণিত ০৪ (চার) জন নিয়োগ প্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে এমপিও প্রদান করার কোন সুযোগ আছে মর্মে এ অধিদপ্তর মনে করে না। বিষয়টি নির্দেশক্রমে মহোদয়ের গোচরে নেয়া হলো। সে সাথে সূত্রে বর্ণিত (৫) নং স্মারকের কার্যক্রম নির্দেশক্রমে স্থগিত করা হলো।

30.01.18

মো: আফাজ উদ্দীন
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল- dgdmeb@gmail.com

জেলা শিক্ষা অফিসার, বান্দরবন পার্বত্য জেলা

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও সভাপতি, লামা ইসলামিয়া ফাযিল মাদরাসা।
৩. উপ পরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল ।
৪. অধ্যক্ষ, লামা ইসলামিয়া ফাযিল মাদরাসা, লামা সদর, বান্দরবন পার্বত্য জেলা।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লামা, বান্দরবন পার্বত্য জেলা ।
৬. অফিস কপি।